

ডেল্টা ফ্লাইটের জরুরি অবতরণ, যাত্রীদের রক্তক্ষরণ

- A Monitor Desk Report

Date: 21 September, 2024



যুক্তরাষ্ট্র: যুক্তরাষ্ট্রের উটাহ রাজ্যের সল্ট লেক সিটি থেকে ওরেগনের পোর্টল্যান্ডে যাওয়ার পথে ডেল্টা এয়ারলাইন্সের একটি ফ্লাইটে কেবিন প্রেসার সমস্যার কারণে জরুরি অবতরণ করতে হয়। এই ঘটনার ফলে কিছু যাত্রী নাক ও কান থেকে রক্তক্ষরণে ভুগেছেন বলে স্থানীয় গণমাধ্যমে জানা গেছে।

মার্কিন ফেডারেল এভিয়েশন প্রশাসন (এফএএ) জানিয়েছে, তারা ঘটনাটির তদন্ত করছে। ডেল্টা এয়ারলাইন্সের এক বিবৃতিতে বলা হয়, উক্ত বিমানে ১৪০ জন যাত্রী ছিলেন এবং ১০,০০০ ফুট উচ্চতার উপরে ফ্লাইটটির কেবিন প্রেসার ঠিকমতো নিয়ন্ত্রণ করা সম্ভব হয়নি।

ফ্লাইটটি জরুরি অবতরণের পর ১০ জন যাত্রীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ডেল্টা এয়ারলাইন্স তাদের গ্রাহকদের প্রতি আন্তরিক ক্ষমাপ্রার্থনা জানিয়েছে এবং বলেছে যে, ফ্লাইট ক্রুরা প্রয়োজনীয় সকল নিয়ম মেনে ফ্লাইটটি সল্ট লেক সিটিতে ফিরিয়ে এনেছিলেন। সেখানে বিমানবন্দরের মেডিক্যাল টিম যাত্রীদের প্রাথমিক সহায়তা প্রদান করে।

কেএসএল টিভির এক সাক্ষাৎকারে যাত্রী জেসি পার্সার বলেন, উড্ডয়নের পরপরই তার কানে তীব্র ব্যথা অনুভব হয় এবং পরে দেখেন যে তার কান থেকে রক্তপাত হচ্ছে। তিনি আরও বলেন, অনেক যাত্রী মাথা ধরে কষ্ট পাচ্ছিলেন এবং তাদের নাক ও কান থেকে রক্ত বের হচ্ছিল। তবে, ডেল্টার মতে, ফ্লাইট চলাকালীন অক্সিজেন মাস্ক ব্যবহার করা হয়নি।

ডেল্টা জানিয়েছে, দুর্ঘটনার পর ফ্লাইটটি মেরামত করা হয়েছে এবং এটি পরদিন আবার পরিষেবায় ফিরিয়ে আনা হয়।

-B